



হামলার পরামর্শ দিয়ে নারী কেলেঙ্কারিতে ব্যস্ত শিবিরের সিনিয়ররা: ছাত্রদল সভাপতি



ছাত্রদল সভাপতি রাকিব। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব দাবি করেছেন, ছাত্রশিবিরের সিনিয়র নেতারা মাঠের কর্মীদের সংঘাতে উৎসাহিত করলেও নিজেরা অন্য বিষয়ে ব্যস্ত রয়েছেন।

মঙ্গলবার (৪ আগস্ট) রাত ৮টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

পোস্টে রাকিবুল ইসলাম রাকিব অভিযোগ করেন, শিবিরের নেতাকর্মীরা জামায়াতের নেতাদের সঙ্গে নিয়ে ক্যাম্পাসে সশস্ত্র হামলা ও মহড়া চালাচ্ছেন। একই সঙ্গে তিনি শিবিরের সিনিয়র নেতাদের উদ্দেশে কটাক্ষ করে বলেন, তারা কর্মীদের আরও হামলায় উৎসাহ দিচ্ছেন, অথচ নিজেরা নারী-সংক্রান্ত বিতর্কে জড়িয়ে আছেন। তিনি প্রশ্ন তোলেন, এটিই কি তাদের কথিত ইসলামিক ও সুশাসনের নমুনা।

উল্লেখ্য, মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল, ইসলামী ছাত্রশিবির ও ছাত্রশক্তির নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এ ঘটনায় তিন ছাত্রসংগঠনের নেতাকর্মী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং কয়েকজন সাংবাদিকসহ অন্তত ৫০ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে।